# EFT DEBIT সম্পর্কিত বিষয়ে আরও কিছু জেনে নেই

**প্রচলিত ধারণা :** সব ব্যাংক থেকে **EFT DEBIT** করা যায় না।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** বর্তমানে মোট ৪৬ টি প্রাইভেট ব্যাংক থেকে **EFT DEBIT** করা যায়। তবে সরকারী ব্যাংক সমূহ ও ২/১ টি প্রাইভেট ব্যাংক এখনও এই সুবিধার আওতাভুক্ত হতে পারেনি।

---

**প্রচলিত ধারণা :** পলিসি ওনারদের সাথে যোগাযোগ কমে যায়। ফলে নতুন **Business** করা যায় না।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** সহজ ও আধুনিক উপায় (যেমন: মোবাইল ফোন, ই-মেইল ইত্যাদি) ব্যবহার করে আরও কার্যকরীভাবে পলিসি ওনারদের সাথে সম্পৃক্ততা বৃদ্ধি করা যায়। **EFT DEBIT** সুবিধা গ্রহণের পূর্বে সম্মানিত FA দের কে প্রচুর সময় ও অর্থ ব্যয় করে পলিসি ওনারের কাছে গিয়ে রিনিউয়াল প্রিমিয়াম কালেকশন করতে হতো। কিন্তু **EFT DEBIT** পদ্ধতি গ্রহণের পরে সেই সময় ও অর্থ বেঁচে যায় বলে উক্ত সময় নতুন Business এ ব্যবহার করা যায়। ফলে প্রোডাকশন, সময়মত রিনিউয়াল প্রিমিয়াম কালেকশন, কমিশন এবং এজেন্ট Persistency বৃদ্ধি পায়।

---

**প্রচলিত ধারণা :** সকল ব্যাংক একাউন্ট থেকে **EFT DEBIT** করা যায় ।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** শুধুমাত্র ব্যক্তিগত ব্যাংক একাউন্ট (এক্ষেত্রে কর্পোরেট বা প্রোপ্রাইটার ব্যাংক একাউন্ট গ্রহণযোগ্য নয়) থেকে **EFT DEBIT** করা যায়। সেজন্য **EFT DEBIT** ফরম পূরণ করার সময় পলিসি ওনারের ব্যাংক একাউন্টটি যেন অবশ্যই ব্যক্তিগত হয়, সেই বিষয়টি নিশ্চিত হয়ে নিন।

---

**প্রচলিত ধারণা :** **EFT DEBIT** সংক্রান্ত তথ্য **SMS** এর মাধ্যমে **<u>শুধুমাত্র</u>** পলিসি ওনারকে পাঠানো হয়।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** **EFT DEBIT Activate, Decline, Rejection** ও **Dishonor** হলে পলিসি ওনারের সাথে সাথে ফাইন্যান্সিয়াল এসোসিয়েটকেও **SMS** এর মাধ্যমে জানানো হয়। এজন্য মেটলাইফ এ পলিসি ওনার ও ফাইন্যান্সিয়াল এসোসিয়েট এর মোবাইল ফোন নম্বর হালনাগাদ থাকা জরুরী।

---

**প্রচলিত ধারণা :** **EFT DEBIT** এর মাধ্যমে প্রিমিয়াম পেমেন্ট একবার **Dishonor** হলে **EFT DEBIT** পদ্ধতিটি বন্ধ হয়ে যায়।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** যদি পলিসি চালু থাকে, তবে **EFT DEBIT** এর মাধ্যমে প্রদত্ত কোনও পেমেন্ট এক বা একাধিকবার **Dishonor** হলেও **EFT DEBIT** ফরম এ উল্লেখিত **Last Payment Date** পর্যন্ত **EFT DEBIT** নির্দেশনা ব্যাংকে পাঠানো হয়।

---

**প্রচলিত ধারণা :** **EFT DEBIT** এর মাধ্যমে প্রিমিয়াম পেমেন্ট একবার **Dishonor** হলে সেই একই পেমেন্ট এর জন্য **<u>দ্বিতীয়বার</u>** ব্যাংক এ নির্দেশনা পাঠানো যায়।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** একবার পেমেন্ট **Dishonor** হলে সেই পেমেন্ট এর জন্য দ্বিতীয়বার ব্যাংক এ **EFT DEBIT** নির্দেশনা পাঠানো যায় না। এক্ষেত্রে উক্ত **Due** পেমেন্টটি **EFT** ব্যতীত অন্য কোনও প্রিমিয়াম প্রদানের মাধ্যম (যেমন: মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং, এটিএম মেশিন, ক্যাশ কাউন্টারে নগদ ও চেকের মাধ্যমে) ব্যবহার করে পরিশোধ করতে হয়।

---

**প্রচলিত ধারণা :** যেহেতু **EFT DEBIT** পদ্ধতিতে প্রিমিয়াম প্রদান করলে প্রিমিয়াম রিসিপ্ট ইস্যু করা হয় না, সেহেতু পলিসি ওনার এ পদ্ধতি গ্রহণে আগ্রহী হন না।

**প্রকৃত ঘটনা/অবস্থা :**

- **<u>পলিসি ওনার এর ব্যাংক একাউন্ট ডেবিট হওয়া মানেই হল EFT DEBIT এর মাধ্যমে তার পলিসি প্রিমিয়াম জমা হয়ে গেছে।</u>**
- মেটলাইফ এ **EFT DEBIT** এর মাধ্যমে প্রিমিয়াম সঠিকভাবে জমা হওয়ার বিষয়টি নিশ্চিত হতে FA গণ নির্দিষ্ট মেয়াদান্তে পলিসি ওনারকে প্রিমিয়াম পেমেন্ট সার্টিফিকেট সরবরাহ করতে পারবেন। এতে পলিসি ওনারের সাথে যোগাযোগ, সম্পৃক্ততা ও সুসম্পর্ক আরও বৃদ্ধি পাবে।

- **EFT DEBIT** পদ্ধতিতে প্রিমিয়াম জমা দিলে প্রিমিয়াম রিসিপ্ট ইস্যু করা না হলেও প্রিমিয়াম পরিশোধের কনফার্মেশন **SMS** এর মাধ্যমে পলিসি ওনারকে অবগত করা হয়। উপরন্তু পরিশোধিত প্রিমিয়াম এর তথ্য পলিসি ওনার এর ব্যাংক একাউন্ট এ সংরক্ষিত থাকে যা নগদ টাকা বা চেকের বেলায় থাকে না।

**প্রচলিত ধারণা :** **EFT DEBIT** পদ্ধতিতে পলিসির প্রিমিয়াম প্রদানের বিষয়ে মেটলাইফ এর সাথে বিভিন্ন ব্যাংক এর নির্দিষ্ট চুক্তি আছে।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** **EFT DEBIT** পদ্ধতিতে পলিসির প্রিমিয়াম প্রদানের বিষয়ে মেটলাইফ এর সাথে বিভিন্ন ব্যাংক এর কোনও নির্দিষ্ট চুক্তি নেই। বরং বাংলাদেশ ব্যাংক এর বিধি ও নির্দেশনা অনুযায়ী ব্যাংক সমূহ **EFT DEBIT** সুবিধার মাধ্যমে ব্যাংকের একাউন্ট হোল্ডারদের বীমার প্রিমিয়াম ছাড়াও অন্যান্য পেমেন্ট দেয়ার সুবিধা প্রদান করে থাকে।

**প্রচলিত ধারণা :** যে কোন পলিসি ওনারের জন্য **EFT DEBIT** সুবিধা উপযুক্ত ।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** যে সকল পলিসি ওনার নিজেদের পলিসি ও ব্যাংক একাউন্ট সম্পর্কে সচেতন এবং পলিসির প্রিমিয়াম নিয়মিত প্রদান করেন, মূলত তারাই **EFT DEBIT** পদ্ধতি যথাযথভাবে চালিয়ে নিয়ে যান। চাকুরীজীবীদের ক্ষেত্রে Salary বা সেভিংস ব্যাংক একাউন্ট এবং ব্যবসায়ী বা গৃহবধূদের ক্ষেত্রে সেভিংস ব্যাংক একাউন্ট থেকে **EFT DEBIT** নির্দেশনা প্রদান করাই শ্রেয়।

**প্রচলিত ধারণা :** পলিসির মোড/প্রিমিয়ামের পরিমাণ/ব্যাংক একাউন্ট পরিবর্তন হলেও পূর্বের EFT DEBIT ফরম এর মাধ্যমেই কাজ চালিয়ে নেওয়া যায়।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** পলিসির মোড/প্রিমিয়ামের পরিমাণ/ব্যাংক একাউন্ট পরিবর্তন হলে পুনরায় নতুন করে EFT DEBIT ফরম পূরণ করে মেটলাইফ হেড অফিস এ পাঠাতে হয়।

**প্রচলিত ধারণা :** পলিসির রিনিউয়াল প্রিমিয়াম নির্ধারিত/ Inforce হওয়ার পূর্বেই EFT DEBIT নির্দেশনা দেয়া যায়।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** পলিসির রিনিউয়াল প্রিমিয়াম নিশ্চিত হয়েই EFT DEBIT ফরম টি পূরণ করতে হবে। EFT DEBIT ফরম এ **পূরণকৃত প্রিমিয়ামের পরিমাণ পলিসির সঠিক প্রিমিয়ামের সমান না হলে উক্ত পলিসির জন্য EFT DEBIT নির্দেশনাটি কার্যকর করা সম্ভব হয় না।** তাই শুধুমাত্র পলিসি ডকুমেন্ট ডেলিভারী করার সময়ই EFT DEBIT ফরমটি পূরণ করবেন।

**প্রচলিত ধারণা :** ব্যাংকের একাউন্ট হোল্ডার ব্যতীত অন্য যে কোন ব্যক্তি (যেমন ব্যাংক একাউন্ট হোল্ডারের আত্মীয়, UM,FA) পূরণকৃত EFT DEBIT Form ব্যাংকে নিয়ে গেলেই ব্যাংক কর্মকর্তা উক্ত Form Authorize করে দেয়।

**প্রকৃত ঘটনা/অবস্থা :** পূরণকৃত EFT DEBIT Form টি Authorization এর জন্য একাউন্ট হোল্ডারকেই ব্যাংক এ নিয়ে যেতে হবে। সেক্ষেত্রে ব্যাংক কর্মকর্তা বা ব্রাঞ্চ ম্যানেজার যদি বাংলাদেশ ব্যাংক এর বিধি ও নির্দেশনা অনুযায়ী EFT DEBIT Form Authorize করতে আনাগ্রহী হন তখন উক্ত ব্রাঞ্চ এর BACH ম্যানেজার এর সাথে অতি সত্বর যোগাযোগ করবেন।